# যুগান্তর

তারিখ ... 06 AUG 2016 ...
পৃষ্ঠা 2 ... কলাম 2 ...

## রাজশাহী ও গাজীপুরে 'পিস স্কুলের' নাম পরিবর্তন

### নজর এড়াতে রাতারাতি এ সিদ্ধান্ত

**রাজশাহী ব্যুরো ও গাজীপুর প্রতিনিধি**

ভারতের ইসলামী বক্তা জাকির নায়েকের 'পিস টিভির সম্প্রচার বন্ধের পর সারা দেশে
গড়ে ওঠা সব 'পিস স্কুল অ্যান্ড কলেজ' বন্ধের ঘোষণা দিয়েছে সরকার। তবে এমন
ঘোষণা আসবে, এমন আশংকা থেকে আগেই পিস স্কুল অ্যান্ড কলেজের রাজশাহী
শাখাটির নাম বদলে ফেলা হয়েছে। সেটি এখন 'লিজেন্ড একাডেমি' নামে পরিচালিত
হচ্ছে। এ ছাড়া গাজীপুরে 'পিস একাডেমির' নাম বদল করে রাখা হয়েছে নূরজাহান স্কুল
অ্যান্ড কলেজ। রাজশাহীর নতুন লিজেন্ড একাডেমির ভবন, শিক্ষক-শিক্ষার্থী, শ্রেণীকক্ষ,
পাঠ্যবই— সবই আগের মতো আছে। শুধু পিস স্কুলের নামের ওপর বসিয়ে দেয়া হয়েছে
'লিজেন্ড একাডেমি'। বৃহস্পতিবার মহানগরীর তেরখাদিয়ায় আগের সেই পিস
স্কুলটিতে গিয়ে দেখা যায়, সবকিছুই চলছে আগের মতো। তবে নেই পিস স্কুলের নাম।
অফিস কক্ষে পাওয়া যায় স্কুল পরিচালনায় নিয়োজিত নির্বাহী কর্মকর্তা তৌফিকুর
রহমানকে। তিনি যুগান্তরকে জানান, ১৪ জুলাই থেকে স্কুলের নাম পরিবর্তন করা
হয়েছে। এটি এখন 'লিজেন্ড একাডেমি' নামে পরিচালিত হচ্ছে। আর স্কুলটির নাম
পরিবর্তন করায় শিক্ষার্থীদের পোশাকেও পরিবর্তন আনা হয়েছে।
গাজীপুর শহরের বরুদায় 'ন্যাশনাল পিস একাডেমি'র নাম পরিবর্তন করে নূরজাহান
স্কুল অ্যান্ড কলেজ নাম করা হয়েছে। পিস একাডেমির প্রধান ফটক থেকে সাইবোর্ড
সরিয়ে ফেলা হয়েছে এবং এর সামীনা প্রাচীর থেকে সাদা রঙ দিয়ে পিস লেখাটি মুছে
ফেলা হয়েছে। এখন নূরজাহান স্কুল অ্যান্ড কলেজ নামে চলছে শিক্ষা কার্যক্রম।